



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ৯ মার্চ ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা

আজ ৯ মার্চ ২০১৭ মহামান্য হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় কিছু নির্দেশনা প্রদান করেছেন। মহামান্য আদালত কমলনগর উপজেলার ইউএনও কে, আগামী ২৭.০৩.২০১৭ তারিখের মধ্যে, ১৪.০২.২০১৭ থেকে ২০.০২.২০১৭ তারিখ পর্যন্ত চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান ইউছুফ আলী কোনো দাপ্তরিক কাজে অংশগ্রহণ না করার ফলে এবং কোনো প্যানেল চেয়ারম্যান উক্ত সময়ে দায়িত্বরত না থাকায় চর মার্টিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অফিস কিভাবে পরিচালিত হয়েছে এবং চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান ইউছুফ আলীর অনুপস্থিতির জন্য প্রশাসন তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিয়েছে কিনা - এই মর্মে একটি রিপোর্ট প্রদান করার নির্দেশনা দান করেন। পাশাপাশি চর মার্টিন ইউনিয়ন পরিষদের সচিবকে ১২.০২.২০১৭ থেকে ০৭.০৩.২০১৭ তারিখের চর মার্টিন ইউনিয়ন পরিষদের সব ব্যাংক একাউন্টেন্টের স্টেটমেন্ট এবং চর মার্টিন ইউনিয়ন পরিষদের পক্ষে পাশ হওয়া সব চেকবইয়ের মুরি আগামী ২৭.০৩.২০১৭ তারিখের মধ্যে দাখিল করতে আদেশ দিয়েছেন। মাননীয় বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি এ, কে, এম, সাহিদুল হক এর সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এ নির্দেশনা প্রদান করেছেন।

চর মার্টিনের ইউপি চেয়ারম্যান ইউছুফ আলী ও কমলনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অকুল চন্দ্র বিশ্বাস আদালতে হাজির ছিলেন এবং মাননীয় আদালত কমলনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অকুল চন্দ্র বিশ্বাসকে ব্যক্তিগতভাবে আদালতে উপস্থিত থাকা থেকে সাময়িকভাবে অব্যাহতি প্রদান করা হয়েছে।

শ্রেণীপট: গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান করেন যা ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদ আকারে প্রকাশিত হয়। সেই তারিখে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd